# বিএনসিইউ’তে শুদ্ধাচার চর্চা

**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)**

১৯৭৩ সালে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই এটি শিক্ষা মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর হিসেবে কাজ করে আসছে। মূলত বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসেবে ইউনেস্কো/আইসেস্কোর সাথে লিয়াঁজো করার মাধ্যমে বিএনসিইউ বাংলাদেশে বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করে থাকে। অন্যান্য দেশের জাতীয় কমিশনগুলোর মতই বিএনসিইউ চিন্তা ও ধ্যান ধারণার গবেষণাগার, মানদন্ড নিরূপণকারী, ক্লিয়ারিং হাউস, নীতি নির্ধারনী বিষয়ক পরামর্শ প্রদান, বিশ্বব্যাপী জাতীয় কমিশনগুলোর সঙ্গে সম্পর্কোন্নোয়ন ও এর সক্ষমতা বৃদ্ধিকারী প্রতিষ্ঠান হিসেবে সক্রিয়ভাবে কাজ করে আসছে।

**শুদ্ধাচার চর্চায় বিএনসিইউ এর প্রয়াসঃ**

শুদ্ধাচার ও মানব জীবনের অনেক গুণকে ধারণ করতে পারে এমন একটি শব্দ হচ্ছে ‘INTEGRITY’ (ইন্টেগ্রিটি) বা সাধুতা যা মানুষকে সাহসের সাথে ‘সত্যকে মোকাবেলা করা’ অথবা প্রযোজ্য ক্ষেত্রে ‘না’ বলতে শেখায়। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ), শিক্ষা মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে নিজ কর্মক্ষেত্রে সকল কর্মচারী ও এ ভবনের সকলের জন্য এই সাধুতার চর্চা করার প্রয়াসেই একটি ‘INTEGRITY’ কর্নার স্থাপনের কাজ শুরু করেছিল ২০১৮ সালে নভেম্বরের শুরুতেই। INTEGRITY কর্নারের মূল বিশিষ্ট হলো প্রত্যেকে তার প্রয়োজনীয় পণ্যটি নির্ধারিত মূল্য নিজে পরিশোধ করে নিয়ে যাবেন। এখানে কোন দোকানি নেই এবং ভেন্ডিং মেশিনের মত টাকা ফেলা সাপেক্ষে পণ্য বের হওয়ার বিষয়টিও নেই। যার প্রয়োজন তিনি নির্ধারিত পণ্যটি নেয়ার আগে সম্পূর্ণ নিজ বিবেকের প্রতি দায়বদ্ধতা থেকে মূল্য পরিশোধ করবেন। বিগত ১১/১১/২০১৮ তারিখ এ কর্নার আত্মপ্রকাশের প্রাক্কালে উপস্থিত থেকে বিএনসিইউকে প্রেরণা যুগিয়েছেন প্রতিষ্ঠানের সেক্রেটারি জেনারেল ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন। বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ মনজুর হোসেনসহ সংস্থার সকল কর্মকর্তা সে সময় উপস্থিত ছিলেন। ক্ষুধা নিবারণের খানিক প্রাপ্তিসহ প্রাত্যহিক জীবনে সাধুতা চর্চা করার জন্য এটা একটা সুন্দর প্লাটফর্ম হবে বলে মর্মে সেক্রেটারি জেনারেল আশা প্রকাশ করেন।

**আনুষ্ঠানিক উদ্বোধনঃ**

বিগত ১৫/১১/২০১৮ তারিখ সকাল ১১:৩০ টায় বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের (বিএনসিইউ) ‘ইন্টেগ্রিটি কর্নার’ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিএনসিইউ এর চেয়ারম্যান জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.। সে সময় আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত সচিব ও বিএনসিইউ এর সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ সোহরাব হোসাইন। সততা বা সাধুতার উদাহরণস্বরূপ মাননীয় শিক্ষামন্ত্রী কর্নারের ভল্টে নিজ অর্থ প্রদানের মাধ্যমে কফি ও অন্যান্য পণ্য সামগ্রী ক্রয় করেন। বিএনসিইউ এর সেক্রেটারি জেনারেলও একইভাবে পণ্য ক্রয় করে এ মুহূর্তটিকে মহিমান্বিত করেন। তাঁরা উভয়ই বিএনসিইউকে এ সুন্দর পদক্ষেপ গ্রহণের জন্য ধন্যবাদ ও প্রশংসা করেন। এ ছাড়াও শুদ্ধাচার ও উদ্ভাবনীর যুগপৎ উদ্যোগ এ কর্নারটি একটি চমৎকার অনুকরণীয় উদাহরণ হতে পারে বলে মন্তব্য করেন।

**দুর্নীতি দমন কমিশন এর চেয়ারম্যান এর আশাবাদঃ**

বিগত ২২/১১/২০১৮ তারিখ বৃহস্পতিবার সকালে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন প্রাঙ্গনে অবস্থিত 'ইন্টেগ্রিটি কর্নার' পরিদর্শনের জন্য অনেকটা আকস্মিকভাবে উপস্থিত হন দুর্নীতি দমন কমিশন এর সম্মানিত চেয়ারম্যান, জনাব ইকবাল মাহমুদ। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর 'ইন্টেগ্রিটি কর্নার' পরিদর্শন শেষে তিনি প্রথমেই এ উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন সরকারি কর্মকর্তাগণ যদিও পরিণত বয়স্ক নাগরিক, তারপরও তারা যদি স্ব-স্ব দপ্তরে এভাবে সততার চর্চা করেন তাহলে তাদের নৈতিক মূল্যবোধ আরও শানিত ও পরিশীলিত হতে পারে। তিনি এধরণের কর্নার নিজ অফিসে স্থাপনের এবং এ ধরণের উদ্যোগ জনগণের সততা ও আন্তরিকতার অনুশীলনের মাধ্যমে যথেষ্ট উৎসাহিত করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কপিরাইট অফিসে আবেদন ও স্বীকৃতিঃ**

বিগত ২৪/১২/২০১৮ তারিখ সোমবার সৃজনশীল মেধাকর্মের শিরোনাম 'I.N.T.E.G.R.I.T.Y Corner' ও সৃজনশীল মেধাকর্মের প্রণেতা ও মেধাস্বত্বের অনুপাতের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ মনজুর হোসেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কপিরাইট অফিস থেকে কপিরাইট রেজিস্ট্রেশন সনদ লাভ করেন (সংযুক্ত)। উল্লেখ্য, একই সনদে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এই সৃজনশীল কর্মের স্বত্বাধিকারী ও স্বত্বের অনুপাতের স্বীকৃতি লাভ করে। সত্য, সততা, সাধুতা পারস্পরিক শ্রদ্ধার মাধ্যমে প্রতিষ্ঠিত হোক একটা সুন্দর ও সুমহান বাংলাদেশ এটাই সকলের প্রত্যাশা।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## Government of the People's Republic of Bangladesh

| Date of Publication | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 1 | 1 | 1 | 2 | 0 | 1 | 8 |
| Copyright Registration No. | | | | | | | |
| L-16792 | | | | | | | |

| Date of Registration | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 2 | 4 | 1 | 2 | 2 | 0 | 1 | 8 |
| Validity of Registration | | | | | | | |
| 3 | 1 | 1 | 2 | 2 | 0 | 7 | 8 |

## কপিরাইট অফিস

## Copyright Office

## কপিরাইট রেজিস্ট্রেশন সনদ

## Certificate of Copyright Registration

**সৃজনশীল মেধাকর্মের শিরোনাম**

**Title of Creative Intellectual Work**

I.N.T.E.G.R.I.T.Y Corner

**সৃজনশীল কর্মের প্রণেতা ও মেধাস্বত্বের অনুপাত**

**Author of the Creative Work & Proportion**

Md. Monjur Hossain,

Additional Secretary and Deputy Secretary General, Bangladesh National Commission for UNESCO (100%)

**সৃজনশীল কর্মের স্বত্বাধিকারী ও স্বত্বের অনুপাত**

**Owner of the Creative Work & Proportion**

Bangladesh National Commission for UNESCO (100%)

| স্বত্ব প্রাপ্তির মাধ্যম<br>**Mode of Ownership Gain** | সৃজনশীল কর্মের ক্ষেত্র<br>**Field of the Creative Work** |
|---|---|
| Appointing Authority | Literary (Research) |

The Registrar of Copyrights, Bangladesh Copyright office is honored to issue this Intellectual Property Right Certificate under the Bangladesh Copyright Act .

Registrar of Copyrights, Bangladesh
www.copyrightoffice.gov.bd